দৈনিক ইনকিলাব

তারিখ JUL. 26 1999
পৃঃ 12 কলাম 2

12

# প্রাথমিক শিক্ষক সমিতির সম্মেলনে ১৫ দফা দাবীর প্রতি সহযোগিতা কামনা

প্রেস বিজ্ঞপ্তি ঃ গতকাল (রবিবার) বাংলাদেশ সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির ২য় প্রতিনিধি সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আমির হোসেন আমু। সভাপতিত্ব করেন সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি মোঃ নুরুজ্জামান। প্রধান অতিথি বলেন, সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির ১৫ দফা দাবীর ব্যাপারে সরকার পূর্ণ সহযোগিতা করবে। এ সময় প্রায় ৯শ' শিক্ষক প্রতিনিধি উপস্থিত ছিলেন। সম্মেলন শেষে সর্বসম্মতিক্রমে ১০১ সদস্য বিশিষ্ট কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হয়।